

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ১৭ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/৩১ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১৬/মূসক/২০১৮—বিড়ির ওপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১১ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত পোস্ট অফিসের মাধ্যমে প্রচলিত পছ্যায় বিড়ির ব্যান্ডরোল সরবরাহ চলমান রাখার পাশাপাশি ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং ০৮/মূসক/২০১৮, তারিখ : ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এতদ্বারা পুনঃপ্রচলন করিল। ফলে কোন একটি বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান পোস্ট অফিস অথবা দি সিকিউরিটি প্রিস্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর নামীয় প্রতিষ্ঠানদ্বয়ের যেকোন একটি প্রতিষ্ঠান হইতে বিড়ির ব্যান্ডরোল সংগ্রহ করিতে পারিবে।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে ২৭ তার্দ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত সাধারণ আদেশ নং ১৫/মূসক/২০১৮ এতদ্বারা রাহিত করিল।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মুসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৮৩)

মূল্য : টাকা ৪.০০